



Class- IV
Subject- 2nd Language (Bengali)

Time- 30 minutes

Topic- Essay Writing

Date-19/06/2020

Worksheet- 24

নিচে একটি রচনা দেওয়া হল। তোমরা রচনাটি মুখস্থ করে না দেখে একটি পৃষ্ঠায় লিখবে এবং তারপর পৃষ্ঠাটি তারিখ অনুযায়ী যত্ন করে ফাইল-এ রেখে দেবে। অন্য কোনো রচনা বই থেকেও তোমরা এটি মুখস্থ করে লিখতে পারবে।

তোমার জীবনের লক্ষ্য

শুনেছি ছোটবেলা থেকেই জীবনের লক্ষ্য স্থির করতে হয়। আমি এখনও কিছু স্থির করিনি। তবে মনে মনে আশা পোষণ করি বড়ো হয়ে ডাক্তার হব।



ডাক্তার হলে মানুষের সেবা করা যায়। আমাদের দেশে বহু মানুষ বিনা চিকিৎসায় মারা যায়। আমি গরীব মানুষের চিকিৎসা করতে চাই। তাদের পাশে দাঁড়াতে পারলে জীবন ধন্য হবে। আমার দাদুও ছিলেন একজন চিকিৎসক। তাঁর নাম আজও আমাদের শহরে অমর হয়ে আছে। আমিও তাঁর মতো বিখ্যাত হতে চাই। জানি না, আমার স্বপ্ন সফল হবে কি না। যদি হয় তবে নিজেকে ধন্য মনে করব।